রোটারি ক্লাব অব সিলেট মিডটাউনের উদ্যোগে চা শ্রমিকদের সন্তানদের মধ্যে শিক্ষা সামগ্রী বিতরণ

চেম্বার ডেস্ক: রোটারি ক্লাব অব সিলেট মিডটাউনের উদ্যোগে লাক্কাতুরা চা বাগানে অবস্থিত ডালিয়া প্রি-প্রাইমারি এডুকেশন সেন্টারে চা শ্রমিকদের সন্তানদের মধ্যে স্কুল ব্যাগ ও শিক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে।
বৃহস্পতিবার (৭ নভেম্বর) সকাল ১০ ঘটিকায় ক্লাব প্রেসিডেন্ট রোটারিয়ান রাশেদুজ্জামান রাশেদ এর সভাপতিত্বে ও প্রোগ্রাম চেয়ারম্যান রোটারিয়ান আবুল কালাম এর পরিচালনায় ডালিয়া প্রি প্রাইমারি এডুকেশন সেন্টারে স্কুল ব্যাগ ও শিক্ষা সামগ্রী বিতরণ করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে হিসেবে উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন বাংলাদেশ রিপসা টিমের ডেপুটি কান্ট্রি কো-অর্ডিনেটর পিডিজি প্রফেসর লেফটেন্যান্ট কর্নেল অব. এম আতাউর রহমান পীর।
অনুষ্ঠানে বক্তারা বলেন, সারাবিশ্বের ন্যায় বাংলাদেশেও রোটারিয়ানরা আর্ত-সামাজিক উন্নয়ন এবং দরিদ্র ও পিছিয়ে পরা জনগোষ্ঠীর উন্নয়নে কাজ করছেন। রোটারি ক্লাবগুলো বিভিন্ন কার্যক্রমের মধ্যে শিক্ষাকে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করে আসছে। বাংলাদেশের চা-শ্রমিকরা অন্যান্য পেশাজীবীর তুলনায় অনেকটা পিছিয়ে আছে। তাদের সন্তানরাও পর্যাপ্ত সুযোগ-সুবিধার অভাবে শিক্ষা ক্ষেত্রে পিছিয়ে পড়েছে। তাই সবাইকে পিছিয়ে পরা জনগোষ্ঠীর উন্নয়নে বিশেষ গুরুত্ব দিতে হবে। বক্তারা রোটারি ক্লাব অব সিলেট মিডটাউনের মতো অন্যান্য ক্লাবগুলোকেও এরকম জনকল্যাণমূলক কাজে বেশি করে এগিয়ে আসার আহবান জানান।
অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রজেক্ট স্পনসর প্রেসিডেন্ট ইলেক্ট রোটা. সেলিনা আক্তার চৌধুরী পিএইচএফ। বক্তব্য রাখেন রোটা. পিপি শাহ জামাল আহমেদ পিএইচএফ, রোটা. পিপি আমিনুর রহমান শিবলু আরএফএসএম, ক্লাব সেক্রেটারি রোটা. ফারুক আহমদ আরএফএসএম, ক্লাব সদস্য রোটা. আনোয়ার হোসেন, রোটা. আমিনুল ইসলাম ও রোটারেক্ট ক্লাব অব সিলেট মিডটাউনের পাস্ট প্রেসিডেন্ট রো.

নাজিব আহমদ, রো. জালাল জয়, ডালিয়া প্রি প্রাইমারি এডুকেশন সেন্টারের দায়িত্বশীল সামছুল।